

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.০৪.০২৮.১৬-১০৩৮

তারিখ- ২৪/১২/২০১৮খ্রিঃ।

## ২য় কারণ দর্শানোর নোটিশ

যেহেতু, আপনি জনাব মোঃ হুমায়ুন কবীর, ক্রিনার, বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইন্সটিটিউট, কাগুই এ দায়িত্ব পালনকালে কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন এবং আপনার দায়িত্বে চরম অবহেলা, অমনোযোগিতা, কর্মস্থলে বিলম্বে উপস্থিতি ইত্যাদি কারণে নিরাপত্তা শাখার কার্যক্রম ব্যাহত হচ্ছে; এবং

যেহেতু, “সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮” এর বিধি ৩।(খ) এবং ৩।(গ) অনুযায়ী যথাক্রমে ‘অসদাচরণ’ ও ‘পলায়ন’ এর অপরাধ বিবেচনায় আপনার বিরুদ্ধে অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর পরিপ্রেক্ষিতে আপনার দাখিলকৃত জবাব ও ব্যক্তিগত শুনানি সন্তোষজনক বিবেচিত না হওয়ায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.০৪.০২৮.১৬-০০৪, তারিখ- ০৩/০১/২০১৮খ্রিঃ মোতাবেক তদন্ত কমিটি গঠন করা হয়; এবং

যেহেতু, আপনি কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০১১.১৮.০২৭.১৭-২৪৫, তারিখ-১৮/০৬/২০১৮ খ্রিঃ মোতাবেক গঠিত তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনে কর্মরত থাকাকালীন বিভিন্ন মেয়াদে মোট ২১৪ (দুইশত চৌদ্দ) দিন কর্মস্থলে অনুমোদিতভাবে অনুপস্থিত থাকা ও দায়িত্বে অবহেলার বিষয়টি প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে; এবং

যেহেতু, এতদুদ্দেশ্যে গঠিত তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮” এর ৩।(খ) ও ৩।(গ) ধারা অনুযায়ী যথাক্রমে “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগ প্রমাণিত হয়েছে; এবং

যেহেতু, “সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮” এর বিধি ৪।(খ) অনুযায়ী গুরুদণ্ডের আওতায় চাকরি থেকে বরখাস্ত করা যুক্তিযুক্ত বলে প্রতীয়মান হয়েছে;

সেহেতু, “সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮” এর বিধি ৩।(খ) মতে ‘অসদাচরণ’ এবং ৩।(গ) মতে ‘পলায়ন’ এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালা ৭।(৯) এর আলোকে গুরুদণ্ডের আওতায় কেন আপনাকে চাকরি থেকে “বরখাস্ত” করা হবে না সে বিষয়ে নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে আপনাকে লিখিতভাবে কর্তৃপক্ষ বরাবর কারণ দর্শানোর জবাব প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হ’ল। নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব না পাওয়া গেলে উল্লিখিত বিষয়ে আপনার কোন বক্তব্য নেই বলে ধরে নেয়া হবে এবং বিধি অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। এ সাথে তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের কপি প্রেরণ করা হল।

স্বাক্ষরিত/-

(অশোক কুমার বিশ্বাস)

অতিরিক্ত সচিব (কারিগরি)

ও

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

### বর্তমান ঠিকানাঃ

জনাব মোঃ হুমায়ুন কবীর  
ক্রিনার  
বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইন্সটিটিউট  
কাগুই, রাজমাটি পার্বত্য জেলা।

### স্থায়ী ঠিকানাঃ

জনাব মোঃ হুমায়ুন কবীর  
পিতাঃ মোঃ হোসেন আলী  
গ্রামঃ মাঝি পাড়া, পোঃ গুজাদিয়া  
উপজেলাঃ করিমগঞ্জ, জেলাঃ কিশোরগঞ্জ।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.০৪.০২৮.১৬-১০৩৮(৩)

তারিখ- ২৪/১২/২০১৮খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল :

১। অধ্যক্ষ, বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইন্সটিটিউট, কাগুই, রাজমাটি পার্বত্য জেলা।

২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭। (পত্রটি ওয়েব সাইটে দেওয়ার জন্য অনুরোধ জানানো হল।)

৩। সংরক্ষণ নথি।